



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
বিশ্বব্যাংক-৬ অধিশাখা

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকায় বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে “বাংলাদেশ কোভিড-১৯ স্কুল সেক্টর রেসপন্স” শীর্ষক প্রকল্পের জন্য Global Partnership for Education (GPE) এর COVID-19 Accelerated Funding Window হতে প্রাপ্ত ১৪.৮ মিলিয়ন মার্কিন ডলার এর অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় যৌথভাবে প্রকল্পটি বাস্তবায়ন করবে।


২. বাংলাদেশ সরকারের পক্ষে **মিজ্ ফাতিমা ইয়াসমিন**, সচিব অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং বিশ্বব্যাংকের পক্ষে Ms. Mercy Miyang Tembon, Country Director অনুদান চুক্তিতে স্বাক্ষর করেন।

৩। প্রকল্পটি গত ২০ অক্টোবর, ২০২০ তারিখ বিশ্বব্যাংকের বোর্ড সভায় অনুমোদিত হয় এবং ১৯ জানুয়ারি, ২০২১ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়।

আলোচ্য প্রকল্পটির মূল উদ্দেশ্যসমূহঃ

- কোভিড-১৯ এর ফলে উদ্ভূত পরিস্থিতি হতে উত্তরণ এবং প্রাক-প্রাথমিক হতে মাধ্যমিক শিক্ষা স্তর পর্যন্ত শিক্ষার্থীদের ভবিষ্যৎ সংকট মোকাবেলায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ;
- প্রকল্পের আওতায় ৩৫টি বিষয়ের ওপর ডিজিটাল কনটেন্ট তৈরীর মাধ্যমে প্রাক-প্রাথমিক থেকে দশম শ্রেণী পর্যন্ত মোট ২৫.০০ লক্ষ শিক্ষার্থীকে (১২.০৫ লক্ষ বালক এবং ১২.৯৫ লক্ষ বালিকা) দূরশিক্ষণের মাধ্যমে শিক্ষা প্রদান;
- দূরশিক্ষণ পদ্ধতি সম্পূর্ণরূপে কার্যকরী করে মূলধারার স্কুল পদ্ধতির সাথে সমন্বিতকরণ।

বিশ্বব্যাংক বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী সংস্থা। বাংলাদেশ ১৯৭২ সালে বিশ্বব্যাংক এর সদস্যপদ লাভ করার পর থেকে এ সংস্থা Education, Energy sector, Inland connectivity and logistics, Regional and global integration, Urbanization এবং Adaptive delta management খাতে প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ-সহায়তা ঋণ/অনুদান আকারে প্রদান করে আসছে যার পরিমাণ ৩৩.৫ বিলিয়ন ডলারের বেশী। উল্লেখ্য, বিশ্বব্যাংক করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে শিক্ষা ও স্বাস্থ্য খাতে সহযোগিতা প্রদান সহ বাংলাদেশের সম্ভাব্য নেতিবাচক অর্থনৈতিক প্রভাব উত্তরণের নিমিত্ত সহায়তা প্রদান করেছে।


২৬/০২/২০২১
(আফরিনা ইসলাম)
উপসচিব